গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-০১ অধিশাখা

বিষয়ঃ গত ১৬/০১/২০১৮খ্রিঃ তারিখে সুনামগঞ্জ জেলায় কাবিটা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ক্ষতিগ্রস্থ ডুবন্ত বাঁধ মেরামত কাজের জন্য স্কীম (উন্নয়ন ও অনুন্নয়ন) প্রস্তুত ও বাস্তবায়নের লক্ষ্যে কাবিটা নীতিমালা-২০১৭ অনুযায়ী গঠিত জেলা কমিটির সাথে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

গত ১৬/০১/২০১৮ তারিখ বেলা ১২.০০ ঘটিকায় সুনামগঞ্জ জেলায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ক্ষতিগ্রস্থ ডুবন্ত বাঁধ মেরামত কাজের জন্য স্কীম উন্নয়ন ও অনুন্নয়ন উভয় ক্ষেত্রে প্রস্তুত ও বাস্তবায়নের লক্ষ্যে কাবিটা নীতিমালা-২০১৭ অনুযায়ী গঠিত জেলা কমিটির সাথে কাজ বাস্তবায়নের সর্বশেষ পরিস্থিতি বাস্তবায়নের ক্ষেত্রে উদ্ভূত সমস্যা ও সম্ভাব্য সমাধানকল্পে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এক সভা পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব মোহাম্মদ ইউসুফ এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় জেলা কমিটির নিয়মিত সদস্যরা ছাড়াও উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ, বাপাউবো এর সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী/নির্বাহী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তাগণসহ উপজেলা পর্যায়ের কমিটির কারিগরি কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-ক তে দেয়া হল।

**আলোচনাঃ**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে তিনি অদ্যাবধি হাওর এলাকায় বাস্তবায়নাধীন প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন বিষয়ে বিস্তারিতভাবে উপস্থাপনের জন্য জেলা প্রশাসক, সুনামগঞ্জ ও সভাপতি, জেলা কমিটি কে আহবান জানান। তিনি জানান যে, ইতোপূর্বে উপজেলা কমিটি হতে প্রদত্ত ১০৯৬টি স্কীম (উন্নয়ন-৩৭২টি, অনুন্নয়ন-৭২৪টি) জেলা কমিটিতে অনুমোদন করা হয়। যা হতে পরবর্তীতে ১৫৯টি স্কীম হাওরের বাইরে বিবেচনায় মহাপরিচালক, পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাদ দেয়া হয়। ইতোমধ্যে উন্নয়ন প্রকল্পের আওতায় ৩৪২টি পিআইসি এবং অনুন্নয়ন খাতে ৫২৮টি পিআইসি গঠিত হয়েছে। গঠিত পিআইসির মধ্যে উন্নয়ন প্রকল্পের আওতায় ১৭টি এবং অনুন্নয়ন খাতে ৩৫টি পিআইসির কাজ শুরু হয়েছে যা সংযুক্তি-ক, খ ও গ এ প্রদর্শিত হয়েছে।

সভাপতি সভায় সুনামগঞ্জ জেলায় কাবিটা নীতিমালা-২০১৭ অনুযায়ী কাজ বাস্তবায়নে উদ্ভূত সমস্যা ও সমস্যা সমাধানে করনীয় বিষয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। আলোচনাকালে মাঠ পর্যায়ে কাজ বাস্তবায়ন শুরু করার জন্য প্রাককলন প্রস্তুত, জনবল স্বল্পতা, বোর্ড কর্তৃক প্রাপ্ত অতিরিক্ত বরাদ্দ অনুয়ায়ী অর্থ ছাড়ের বিষয়েও অনুরোধ জানান। তাছাড়াও উপজেলা কমিটি হতে প্রাপ্ত স্কীমসমূহের মধ্যে যে সকল স্কীমসমূহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাতিল করা হয়েছে সে সকল স্কীমসমূহ পূনঃ বিবেচনার লক্ষ্যে একটি বিশেষ কারিগরি টিম গঠনের জন্য অনুরোধ জানান।

সভাপতি নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড ও সদস্য-সচিব, জেলা কমিটি কে বিস্তারিত আলোচনার জন্য অনুরোধ জানান। নির্বাহী প্রকৌশলী কাজ বাস্তবায়নের ক্ষেত্রে মাঠ পর্যায়ে নিয়োজিত জনবল ও লজিষ্টিক সাপোর্ট প্রদান, প্রয়োজনীয় সার্ভে কাজ বাস্তবায়নসহ বিস্তারিত আলোচনা করেন।

নির্বাহী প্রকৌশলীর বক্তব্যের পর সভাপতি সুনামগঞ্জ জেলার ১১টি উপজেলার উপজেলা নির্বাহী অফিসারগণের কাজ বাস্তবায়নের ক্ষেত্রে সমস্যা ও সম্ভাব্য সাধানের বিষয়ে প্রত্যেকের সাথে আলাদাভাবে আলোচনা করেন।

আলোচনাকালে তাঁরা অনেকেই জানান যে, হাওর এলাকার অনেক স্থানে এখনও পানি সম্পূর্ণভাবে না নামায় সার্ভে কাজে মারাত্নকভাবে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। এতে কাজ শুরু করার ক্ষেত্রে বেগ পেতে হচ্ছে। তাছাড়া, সার্ভের পাশাপাশি অতিরিক্ত শাখা কর্মকর্তা নিয়োগের মাধ্যমে প্রাক্কলন প্রস্তুতির বিষয়টি ত্বরান্বিত করার জন্য তাঁরা বিশেষভাবে অনুরোধ জানান।

**বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ**

সিদ্ধান্ত-১ ঃ মহাপরিচালক, পানি উন্নয়ন বোর্ড কর্তৃক চুড়ান্তভাবে অনুমোদিত তথা বরাদ্দকৃত স্কীম ৯৩৭টি (উন্নয়ন-৩৭২টি, অনুন্নয়ন-৫৬৫টি) স্কীম অগ্রাধিকার ভিতিত্তে বাস্তবায়নের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুতি ও কাজের মনিটরিং এর জন্য প্রয়োজনীয় সংখ্যক উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা খন্ডকালীন সময়ের জন্য অতিদ্রুত পদায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-২ ঃ কাবিটা নীতিমালা-২০১৭ অনুযায়ী উন্নয়ন ও অনুন্নয়ন খাত মিলিয়ে গৃহীত ৯৩৭টি স্কীমের বাইরে পূর্বে প্রস্তাবিত ১৫৯টি স্কীমসমূহের কারিগরী দিক বিবেচনায় এনে সম্ভাব্যতা যাচাইয়ের লক্ষ্যে বোর্ড কর্তৃক একটি কারিগরি কমিটি নিয়োগের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-৩ ঃ উপজেলা কমিটি কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন অনুমোদন দেয়ার পর সরাসরি প্রকল্পের কাজ বাস্তবায়ন শুরু হবে। পরবর্তীতে জেলা কমিটির সভায় ভূতাপেক্ষিক অনুমোদন দিবেন।

সিদ্ধান্ত-৪ উপজেলা কমিটি যে সকল প্রকল্পের প্রাক্কলন বিলম্বিত হচ্ছে। সে সকল প্রকল্পে Provisional estimate এর মাধ্যমে পিআইসি কর্তৃক কাজ শুরু করবেন। পরবর্তীতে চুড়ান্ত estimate এর মাধ্যমে কাজ শেষ করবে।

সিদ্ধান্ত-৫ ঃ উপজেলা কমিটি হতে প্রেরিত স্কীমের আলোকে বোর্ড কর্তৃক প্রদত্ত অতিরিক্ত বরাদ্দ দ্রুত ছাড়ের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া উন্নয়ন প্রকল্পের আওতায় সম্পাদিত কাজের Assessment পূর্বক চুড়ান্ত চাহিদার প্রেক্ষিতে অতিরিক্ত বরাদ্দ প্রদানের বিষয়েও সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-৬ ঃ কাবিটার কাজ দ্রুত ও সুষ্ঠুভাবে বাস্তবায়ন ও মনিটরিং এর জন্য প্রয়োজনীয় লজিষ্টিক সাপোর্ট বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কতৃক প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-৭ ঃ বর্তমান অর্থ বছরের অনুন্নয়ন রাজস্ব খাতের আওতায় অনুমোদিত স্কীম অনুযায়ী অতিরিক্ত কাজের ২১০.০০ কিমি দৈর্ঘ্যে সার্ভে কাজ সম্পাদনের বিষয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডকে নির্দেশনা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর সকলকে সভায় উপস্থিতির জন্য ধন্যবাদ জানিয়ে ডুবন্ত বাঁধের মেরামত কাজ সুষ্ঠুভাবে সমাপ্তির প্রত্যাশা ব্যক্ত করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২২/০১/২০১৮
**(মোহাম্মদ ইউসুফ)**
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
পানি সম্পদ মন্ত্রণালয়

০৯ মাঘ ১৪২৪

নং-৪২.০০.০০০০.০৩৪.১৪.০০৬.১৭-১৭ তারিখঃ-------------------

২২ জানুয়ারি ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ-

১। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।

২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ/নেত্রকোনা/সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/কিশোরগঞ্জ।

22-1-2018

( শামিম আরা খাতুন )
যুগ্মসচিব
☏ ৯৫৭৬৭৭৮

অনুলিপি ঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।